উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# উপজেলা পরিষদ কার্যালয়

তারাকান্দা, ময়মনসিংহ

## সভার নোটিশ

আগামী ২২.০৬.২০২২ খ্রি. তারিখ বেলা ১২.৩০ টায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে উপজেলা পরিষদের মাসিক সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভার সভাপতিত্ব করবেন জনাব মোঃ ফজলুল হক, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ। সভার সম্মানিত সদস্যগণকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হ'ল।

(মিজাবে রহমত)
উপজেলা নির্বাহী অফিসার
তারাকান্দা, ময়মনসিংহ।

১। উপজেলা.............................................অফিসার, তারাকান্দা ।

২। চেয়ারম্যান
তারাকান্দা/বানিহালা/কাকনী/গালাগাঁও/বালিখা
ঢাকুয়া/রামপুর/কামারিয়া/কামারগাঁও/বিসকা ইউনিয়ন পরিষদ, তারাকান্দা।

৩। জনাব.................................................................

.................................................................

স্মারক নং- ০৫.৪৫.৬১৮৮.০০১.০৬.০০০.২১- তারিখ ঃ ১৬.০৬.২০২২ খ্রি.

অনুলিপিঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-১৪৭, ময়মনসিংহ-২ (তারাকান্দা-ফুলপুর)
২। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ।
৪। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ।
৫। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ।

৬। ...........................................................
...........................................................
...........................................................

উপজেলা নির্বাহী অফিসার
তারাকান্দা, ময়মনসিংহ।

# তারাকান্দা উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মোঃ ফজলুল হক
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ ও সময় ঃ ২২/০৬/২০২২ খ্রিঃ সকাল ১১.০০ টা ।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট-ক দ্রষ্টব্য

জনাব মোঃ ফজলুল হক, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ-এর সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, তারাকান্দা কে সভাপতি সভা পরিচালনা করার আহ্বান জানান। আলোচ্য সূচির ক্রমধারা অনুযায়ী সভায় উপস্থিত সম্মানীত সদস্যগণ বিভিন্ন সমস্যাবলি সমাধানকল্পে বক্তব্য উপস্থাপন করেন। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক উপস্থিত সকলকে শুভেচ্ছা জ্ঞাপনান্তে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

আলোচ্য সূচি-১ঃ বিগত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ।

বিগত সভার কার্যবিবরণী পাঠান্তে কারো কোনো সংযোজন বিয়োজন কিংবা সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে উক্ত কার্যবিবরণী অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়।

আলোচ্য সূচি-২ঃ গত সভার সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা।

১। গত সভার বিভিন্ন বিভাগের গৃহিত কার্যক্রম সময়মত সম্পন্ন হয়েছে।

| ক্রঃনং | প্রতিষ্ঠান | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তারাকান্দা | সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স উদ্বোধনের ৪ মাস অতিবাহিত হলেও সাপোর্ট জনবলের অভাবে জনসাধারণকে স্বাস্থ্য সেবা দেয়া যাচ্ছে না। তিনি জানান যে এ পর্যন্ত উপজেলা হাসপাতালে ১৩ জন ডাক্তার পদায়ন হয়েছে কিন্তু সাপোর্ট স্টাফ পদায়ন না হওয়ায় সেবা প্রদানের মারাত্মক অবে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। এছাড়াও নতুন নির্মিত হাসপাতালের বাউন্ডারী দেয়ালের নিচের অংশের মাটি অতি বৃষ্টি কারণে সরে যাওয়ায় দেয়ালটি মারাত্মক ঝুকিপূর্ণ অবস্থা সৃষ্টি হচ্ছে। হাসপাতালের সামনে হাইওয়ে রাস্তায় স্পীড ব্রেকার স্থাপনের প্রস্তাব করেন। তিনি জানান যে, কোভিড-১৯ প্রাদুর্ভাব হঠাৎ করে বৃদ্ধি পাচ্ছে এ বিষয়ে সকলকে সচেতনতা বৃদ্ধির অনুরোধ করেন। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ২ | উপজেলা শিক্ষা অফিসার, তারাকান্দা | সভায় জানান যে, প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের বঙ্গবন্ধু বঙ্গমাতা ফুটবল টুর্নামেন্ট ইউনিয়ন পর্যায়ে চলমান আছে। পরবর্তীতে উপজেলা পর্যায়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এছাড়াও তিনি প্রাথমিক শিক্ষা অফিসের জন্য আলাদা বিল্ডিং স্থাপন হবে মর্মে উপজেলা পরিষদ চত্বরে ভূমি বরাদ্দের প্রস্তাব করেন। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ৩ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তারাকান্দা | সভায় জানান যে, সিলেট, সুনামগঞ্জ, নেত্রকোণা সহ বিভিন্ন জেলায় বন্যাকবলিত মানুষদের সহায়তার প্রদানের বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়াও সরকার নির্ধারিত মূল্যে টিসিবি পন্য বিভিন্ন ইউনিয়নে ডিলারদের মাধ্যমে পুনরায় পবিত্র ঈদুল আযাহার পূর্বে বিরতণ করা হবে। এ বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়াও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ৪ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, তারাকান্দা (ভারপ্রাপ্ত) | সভায় জানান যে, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, আনসার বিভাগ, আনসার অধিশাখা-২ এর ১৬/০৫/২০২১ খ্রি. তারিখের ৪৬ নং স্মারকে উপজেলা আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর কার্যালয়ের জন্য উপজেলা পরিষদ চত্তরের ভিতরে জমি বরাদ্দের জন্য নির্দেশনা পত্রটি সভায় উপস্থাপন করেন। পত্রটি সভায় উপস্থাপন পূর্বক আলোচনা পর্যালোচনা পূর্বক উপজেলা পরিষদ চত্তরে উপজেলা হলরুমের দক্ষিণ পাশে উপজেলা আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর কার্যালয় স্থাপনের প্রয়োজনীয় ১৫ শতাংশ ভূমি বরাদ্দ প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপজেলা চেয়ারম্যান, তারাকান্দা<br>২। উপজেলা নির্বাহী অফিসার, তারাকান্দা<br>৩। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, তারাকান্দা |
| ৫ | চেয়ারম্যান, তারাকান্দা ইউনিয়ন পরিষদ | তিনি সভায় জানান যে, বর্ষামৌসুমে ইউনিয়নের বিভিন্ন রাস্তা, ঘাট, কর্দমাক্ত হয়ে জনদুর্ভোগ সৃষ্টি হয়। এছাড়াও ইউড্রেইন, পুল, কালভার্টের অভাবে জলবদ্ধতা তৈরি হয়। তাৎক্ষনিক জনদুর্ভোগ লাঘবে ইউনিয়ন পরিষদে কোন অর্থের ব্যবস্থা না থাকায় জনস্বার্থে জরুরী ভিত্তিতে কাজগুলো করা সম্ভব হয় না। এ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষন পূর্বক জরুরী অবস্থায় জনদুর্ভোগ লাঘবে উপজেলা থেকে অর্থ বরাদ্দের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করে অনুরোধ করেন। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ৬ | চেয়ারম্যান, বানিহালা ইউনিয়ন পরিষদ | সভায় জানান যে, প্রত্যেকটি ইউনিয়নে সারা বছরই কোন না কোন সরকারী উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন হয়। প্রকল্প সমূহ বাস্তবায়নকালে সাধারণ জনগণ উক্ত বিষয়ে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান/ইউপি সদস্যদের কাছে জানার চেষ্টা করে যে কিসের প্রকল্প বাস্তবায়ন হচ্ছে। এ বিষয়ে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান/সদস্যা অবগত না থাকায় জনসাধারণকে প্রকল্পের বিষয়ে জানাতে পারেনা। তাই যেসব দপ্তরের অধীন প্রকল্প সমূহ বাস্তবায়িত হয়ে সেসব দপ্তরসমূহ সংশ্লিষ্ট জনপ্রতিনিধিদের বিষয়টি অবগত পূর্বক একটি চিঠি প্রদান করলে ইউপি চেয়ারম্যান/ইউপি সদস্যগণ উক্ত প্রকল্পের বিষয়ে জনসাধারণকে অবহিত করতে পারবে। এ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ পূর্বক তিনি আরো বলেন যে, গালাগাও ইউনিয়নের বাতিয়া গ্রাম থেকে টেংগুলিয়া পাড়া রাস্তাটি অর্ধেক অংশ হেরিং বন্ড করা হয়েছে বাকি অংশটুকু না করলে এ অঞ্চলের জনসাধারণ উক্ত রাস্তাটির পূর্ণ সুবিধা ভোগ করতে পারবে। তাই রাস্তাটির বানিহালা অংশের টেংগুলিয়াকান্দা গ্রামের রাস্তাটি হেরিং বোন বন্ড করার জন্য প্রস্তাব উপস্থাপন করেন। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭ | চেয়ারম্যান, গালাগাও ইউনিয়ন পরিষদ | তিনি সভায় জানান যে, কেন্দুয়া বাজারে কিছু দিন পূর্বে আগুনে পুড়ে বেশ কয়েকটা দোকন ঘর পুড়ে যায়। পুড়ে যাওয়া দোকানের মালিকগণ সরকারী আর্থিক সাহায্যের জন্য আবেদন করেছিল। কিন্তু অদ্যবধি কোন প্রকার সাহায্য ক্ষতিগ্রস্ত লোকগুলো পায়নি। এ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়াও তিনি মাননীয় এমপি মহোদয়ের বরাদ্দকৃত উন্নয়ন প্রকল্প সমূহ যথাযথ ভাবে বাস্তবায়নের জন্য সভার দৃষ্টি আকর্ষন করেন। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, তারাকান্দা।<br>৩। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, তারাকান্দা |
| ৮ | চেয়ারম্যান, বালিখা ইউনিয়ন পরিষদ | তিনি সভায় জানান যে, ইউনিয়ন পর্যায়ে উপজেলা থেকে বাস্তবায়িত সরকারী বিভিন্ন অনুষ্ঠান/সমাবেশ অনুষ্ঠিত হয় যা সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে অবহিত করা হয়না। এছাড়াও তিনি সভায় জানান যে, তারাকান্দা গোহাটা হয়ে মাসকান্দা শেখ রাসেল সরকারী প্রাথমিক বিদ্যালয়গামী রাস্তাটি পাকাকরণ চলমান রয়েছে। রাস্তাটি বিভিন্ন স্থানে প্রতিবন্ধকতা রয়েছে উক্ত প্রতিবন্ধকতাসমূহ দ্রুতসময়ের মধ্যে অপসারণ করা প্রয়োজন। তারাকান্দা ইউনিয়নের মধুপুর, গোহালকান্দি হয়ে বালিখা ইউনিয়নের মাসকান্দা গ্রাম হয়ে রাংসা নদীতে পতিত হওয়া খালটি খনন করলে সংশ্লিষ্ট এলাকার কৃষক ও জনসাধারণ উপকৃত হবে। বিষয়সমূহ বিবেচনা পূর্বক ব্যবস্থা গ্রহণের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, তারাকান্দা।<br>৩। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, তারাকান্দা |
| ৯ | চেয়ারম্যান, রামপুর ইউনিয়ন পরিষদ | তিনি সভায় জানান যে, চাড়িয়া বাজারটি একটি ঐতিহ্যবাহি পুরাতন হাট। উক্ত হাটে হাজার হাজার মানুষ সমাবেত হয়। বাজারটি সরকারী প্রকল্পের মাধ্যমে বিভিন্ন স্থাপনা, ড্রেনেজ ব্যবস্থাসহ অত্যান্ত আধুনিক একটি বাজার। কিন্তু দুঃখের বিষয় এই যে, ড্রেনেজ ব্যবস্থা থাকলেও ড্রেন দিয়ে পানি পাশেই অবস্থিত নদীতে অপসারিত না হওয়ায় সামান্য বৃষ্টিতে জলবদ্ধতা তৈরি। এ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ পূর্বক ঐতিহ্যবাহি উক্ত বাজারটির সমস্যার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, তারাকান্দা।<br>৩। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, তারাকান্দা |
| ১০ | চেয়ারম্যান, কামারিয়া ইউনিয়ন পরিষদ | তিনি সভায় জানান যে, উপজেলা পরিষদের মাসিক সভায় ইউপি চেয়ারম্যানদের উপস্থাপিত বিভিন্ন সমস্যা সমূহ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে খুবই ধীরক্ষতি পরিলক্ষিত হয়। এছাড়াও তিনি সভায় জানান যে, কাশিগঞ্জ বাজারটি একটি পুরাতন ও তারাকান্দা উপজেলার সীমানা এলাকায় অবস্থিত হওয়ায় বাজারটি উন্নয়নসহ মনিটরিং এ পিছিয়ে আছে। এ বাজারের বড় সমস্যা জলবদ্ধতা। বাজারের যতগুলো ড্রেন আছে প্রত্যেকটি ড্রেন ভরাট হয়ে যাওয়ায় পুরো বাজারই একটি কার্দমক্ত অবস্থা সৃষ্টি হয়। হাট বাজার ইজারা লব্ধ আয় হতে ইউপি অংশের অর্থ দ্বারা বাজারটির ড্রেন সমূহ দ্রুত পরিস্কার করা জরুরী। এ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ১১ | চেয়ারম্যান, বিসকা ইউনিয়ন পরিষদ | তিনি সভায় জানান যে, কাশিগঞ্জ বাজারটি তিনটি ইউনিয়নের মিলনস্থল। বাজারটি বিসকা ইউনিয়নের কিছু অংশে অবস্থিত রয়েছে। এছাড়াও তিনি সভায় জানান যে, পবিত্র ঈদুল আযাহা উপলক্ষ্যে উপজেলাধীন বিভিন্ন স্থানে কুরবানীর পশুর অস্থায়ী হাট বসানোর কারণে ইজারাকৃত বাজারসমূহের ইজারা আদায়ে ক্ষতির সম্মুখিন হয়। এ বিষয়ে বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ১২ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা | তিনি সভায় জানান যে, আগামী ২৫ জুন ২০২২ বাংলাদেশের স্বপ্ন পদ্ম সেতু উদ্বোধন হবে। এছাড়াও তিনি উপজেলার কার্যক্রমসমূহ সুষ্ঠ সুন্দর ভাবে পরিচালনার লক্ষ্যে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ১৩ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা | তিনি সভায় জানান যে, বিসকা ইউনিয়নের তিলাটিয়া রাস্তাটি পাকাকরণের জন্য মাননীয় প্রতিমন্ত্রী জনাব শরীফ আহমেদ এমপি মহোদয় ডিও পত্র প্রদান করেছেন দীর্ঘদিন পূর্বে। ডিও পত্র মোতাবেক পাকাকরণ কার্যক্রম এখন পর্যন্ত গ্রহণ করা হয়নি। এ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ১৪ | জনাব মেজবাউল আলম চৌধুরী রুবেল, সিনিয়র সহ-সভাপতি, বাংলাদেশ আওয়ামীলীগ, তারাকান্দা উপজেলা শাখা। | তিনি সভায় জানান যে, তারাকান্দা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের বাউন্ডারী দেয়াল ও অন্যান্য সমস্যা সমূহ সমাধানের জন্য ঠিকাদার প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন। এছাড়াও তিনি ধলীরকান্দা পাকা রাস্তাটির বিভিন্ন স্থানে ভাঙ্গন দেখা দেয়ায় ব্যবস্থা গ্রহণের জন্য সভার দৃষ্টি আকর্ষন করেন। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ১৫ | জনাব বাবুল মিয়া সরকার, সাধারণ সম্পাদক, বাংলাদেশ আওয়ামীলীগ তারাকান্দা উপজেলা শাখা | সভায় জানান যে, কাশিগঞ্জ বাজারের ড্রেনেজ ব্যবস্থার উন্নয়নের লক্ষ্যে হাট বাজার ইজারা লব্ধ আয় থেকে কামারিয়া ইউপি অংশের বরাদ্দ দ্বারা উন্নয়ন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর বিভিন্ন সমস্যা সমাধানের প্রয়োজনীয় পদক্ষেপ, এবং ঝড়, বন্যা, প্রাকৃতিক দুর্যোগ, জলবদ্ধতা, জনদুর্ভোগসহ জরুরী সময়ে উপজেলাধীন ইউনিয়নসমূহ অর্থ বরাদ্দ প্রদানের বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন। গালাগাও ইউনিয়নের গাবরগাতী গ্রামের সরকারী খালের জমি দখল করে বাড়ি তৈরি করায় জলাবদ্ধায় জনদুর্ভোগ সৃষ্টি হওয়ায় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ, গোহালকান্দি উচ্চ বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি গঠন কল্পে সৃষ্টি সমস্যা নিরসনে পদক্ষেপ গ্রহণ, তারাকান্দা থানার অফিসার ইনচার্জের অস্থায়ী টিনসেড বাসভবনের উপরের টিনের চালা ফুটো হয়ে বৃষ্টির পানি ভিতরে প্রবেশ করে, এ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষন এবং তারাকান্দা গোহাটা হয়ে বালিখা ইউনিয়নের মাসকান্দা গ্রামের পাকাকরণ কৃত রাস্তাটি বিভিন্ন স্থানের বাধা অপসারণ, তারাকান্দা শ্যামগঞ্জ জিসি সড়কটি সংস্কারের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ করেন। এছাড়াও তিনি সিলেট, সুনামগঞ্জ, নেত্রকোণায় বন্যা কবলিত মানুষের জন্য ত্রাণ সহায়তা প্রদানের বিষয়ের সভায় অনুরোধ ক্রমে প্রস্তাব করেন। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬ | জনাব প্রদীপ কুমার চক্রবর্তী রনু ঠাকুর, সভাপতি, বাংলাদেশ আওয়ামীলীগ তারাকান্দা উপজেলা শাখা | সভায় জানান যে, গালাগাও ইউনিয়নের গাবরগাতী গ্রামের জলাবদ্ধতা নিরসনে প্রয়োজনীয় পদক্ষেপ, তারাকান্দা ভাষা সৈনিক শামছুল হক চত্বরের শহীদ মিনার প্রাঙ্গনের বাকি অংশে পার্কিং টাইলস করে সৌন্দর্য বর্ধন করে পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য প্রস্তাব করেন। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ১৭ | উপজেলা নির্বাহী অফিসার, তারাকান্দা | তিনি সভায় জানান যে, ইউএইচএফপিওসহ সকলের সহযোগিতায় জন্মনিবন্ধন কার্যক্রম চলমান রয়েছে। তারাকান্দা বাসস্টেন্ডের যানজট নিরসন সহ ভাষা সৈনিক শামছুল হক চত্বর পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য ব্যবস্থা গ্রহণ করা হবে। উপজেলা পরিষদ জামে মসজিদে ইমাম ও মুয়াজ্জিন নিয়োগের লক্ষ্যে পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তি বিলটি সভায় উপস্থাপন করা হয়। বিল বাবদ ময়মনসিংহ প্রতিদিন-১৫৮৪০/-, ভ্যাট-২৩৭৬/- আয়কর-৪৭৬/- এবং দেশের কণ্ঠ-১৬৮০০/-, ভ্যাট-২৫২০/-, আয়কর-১৬৮০/-টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধ করার জন্য সভায় প্রস্তাব করা হয়। এছাড়াও সভায় আলোচিত প্রতিটি প্রস্তাবনাসমূহ যাচাই বাছাই পূর্বক ব্যবস্থা গ্রহণ করা হবে। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ১৮ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা | তিনি সভায় জানান যে, সভায় আলোচিত প্রতিটি প্রস্তাবনাসমূহ যাচাই বাছাই পূর্বক ব্যবস্থা গ্রহণ করা হবে। | প্রস্তাবনা সমূহ বাস্তবায়নে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, তারাকান্দা।<br>৩। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, তারাকান্দা |

বিবিধ আলোচনা-৩ঃ

বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) আওতায় বাস্তবায়িত প্রকল্প সমূহ ৫% কম রেইটে বাস্তবায়ন করায় উদ্বৃত্ত-৩,৩৮,৭২৯/- প্রকল্প বাস্তবায়নের জন্য সভায় প্রস্তাব করা হয়। প্রস্তাবনা মোতাবেক-

১। উপজেলা পরিষদ জামে মসজিদে ইট সরবরাহ বাবদ-২,০০,০০০/- লক্ষ টাকা।

২। তারাকান্দা উপজেলাধীন বিভিন্ন ব্রীজের এপ্রোচ মেরামত বাবদ-১,৩৮,৭২৯/-।

সিদ্ধান্তঃ আলোচনান্তে প্রস্তাবিত অর্থ দ্বারা প্রকল্প দু'টি পিআইসি কমিটির মাধ্যমে সরকারি বিধি বিধান পরিপালনপূর্বক ব্যয় নির্বাহ করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। তারাকান্দা উপজেলার বিভিন্ন ইউনিয়নে অতিবৃষ্টির কারণে বন্যায় বেশ কয়েকটি কালভার্ট ভেঙ্গে যাওয়ায় এবং বেশ কয়েকটি অগ্নিকান্ডে লোকজন ক্ষতিগ্রস্ত হয়ে অনুদানের জন্য আবেদন দাখিল করেছেন। উক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে বাস্তব পরিস্থিতির আলোকে কালভার্ট সমূহ মেরামত ও অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত লোকজনকে আর্থিক সহায়তা প্রদানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত: উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর "ঘ" অপ্রত্যাশিত খাতে ব্যয়: মোতাবেক ৩.০০ (তিন) লক্ষ টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

22/5/22

(মোঃ ফজলুল হক)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
তারাকান্দা, ময়মনসিংহ।

স্মারক নং- ০৫.৪৫.৬১৮৮.০০১.০৬.০০০.২০-১৬৮

তারিখ ঃ ২২/০৬/২০২২খ্রি.

বিতরণ ঃ সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে ঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৪৭-ময়মনসিংহ-২, ফুলপুর-তারাকান্দা, ময়মনসিংহ।
২। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৩। সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিতরণ কার্যার্থে ঃ

১। চেয়ারম্যান, তারাকান্দা উপজেলা পরিষদ, ময়মনসিংহ।
২। ভাইস চেয়ারম্যান, তারাকান্দা উপজেলা পরিষদ, ময়মনসিংহ।
৩। মহিলা ভাইস চেয়ারম্যান, তারাকান্দা উপজেলা পরিষদ, ময়মনসিংহ।
৪। উপজেলা ----------------------------------------অফিসার, তারাকান্দা উপজেলা।
৫। চেয়ারম্যান, ---------------------------------------- ইউনিয়ন পরিষদ (সকল), তারাকান্দা।

22-5-2022

(মিজাবে রহমত)
উপজেলা নির্বাহী অফিসার
তারাকান্দা, ময়মনসিংহ।
unotarakanda@mopa.gov.bd
মোবাইলঃ ০১৭৩৩ ৩৭৩৩৫০